

প্রকাশ : ২৩ ডিসেম্বর, ২০১৫ ১২:২২

অনলাইন
ভার্সন

Share

প্রিন্ট করুন 

'এ মাসেই যানজট মুক্ত হবে গাবতলী-আমিনবাজার'

| অনলাইন ডেস্ক



চলতি বছরের ডিসেম্বর মাসের মধ্যে রাজধানীর গাবতলী এবং আমিনবাজার এলাকা যানজট মুক্ত করা হবে বলে আশা প্রকাশ করেছেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক।

বুধবার বেলা ১১টার দিকে গাবতলী বাস টার্মিনালে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি একথা বলেন।

আনিসুল হক বলেন, ইতোমধ্যে ঢাকা শহরের বিভিন্ন এলাকা যানজট মুক্ত করা হয়েছে। এখন যে এলাকাগুলোতে মাঝে মাঝে তীব্র যানজট দেখা যায় তার মধ্যে একটি গাবতলী। শিগগির এ অবস্থার পরিবর্তন হবে।

তিনি বলেন, বাস-ট্রাক মালিক সমিতি এবং শ্রমিক ইউনিয়নের নেতারা কথা দিয়েছেন তারা রাস্তায় আর গাড়ি পার্কিং করবেন এবং আগামী ২৯ ডিসেম্বরের মধ্যে গাবতলী এলাকা যানজট মুক্ত করবেন।

এর আগে, সকাল সাড়ে ১০টার দিকে গাবতলী বাস টার্মিনালে আসেন আনিসুল হক। টার্মিনাল পরিদর্শন শেষে তিনি বাস-ট্রাক মালিক সমিতি ও শ্রমিক ইউনিয়ন নেতাদের রাস্তায় যানবাহন পার্কিং না করার নির্দেশ দেন। একইসঙ্গে স্থানীয় জনপ্রতিনিধি এবং দায়িত্বরত ট্রাফিক পুলিশকে এ সংক্রান্ত বিভিন্ন নির্দেশনা দেন।

এ সময় টার্মিনাল শ্রমিক সমিতির আহ্বায়ক মো. মফিজুল হক, ঢাকা জিলা যানবাহন শ্রমিক ইউনিয়নের সভাপতি আব্বাস উদ্দিন, ঢাকা জিলা ট্রাক মালিক সমিতির সভাপতি ওবায়দুল্লাহ, ঢাকা জিলা বাস-ট্রাক মালিক সমিতি সাধারণ সম্পাদক জালাল উদ্দিনসহ বিভিন্ন এলাকার কমিশনাররা উপস্থিত ছিলেন।

বিডি-প্রতিদিন/২৩ ডিসেম্বর, ২০১৫/মাহবুব